

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০২(আগরতলা, ১৪।৬)

পানিসাগর, ১৪ জুন ২০১৮

পানিসাগরে যুব বিষয়ক আলোচনাচক্র

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং পানিসাগর ব্লকের উদ্যোগে গত ১২ জুন পানিসাগর ব্লক ভিত্তিক যুব বিষয়ক আলোচনাচক্র পানিসাগর পঞ্চায়েত সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে জাতীয় সংহতি, গার্লস্ হিংসা প্রতিরোধ, মহিলাদের সুরক্ষা, চক্ষুদান ও রক্তদান এবং এইডস রোগ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। প্রদীপ প্রজ্জ্বলন করে আলোচনাচক্রের উদ্বোধন করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য মীনা নাথ চৌধুরী, ক্রীড়া দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের আধিকারিক অমিত যাদব প্রমুখ। বিভিন্ন বিদ্যালয়ের এন এস এস এর প্রোগ্রাম অফিসারগণ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মীবৃন্দ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণও আলোচনাচক্রে উপস্থিত ছিলেন। উদ্বোধকের ভাষণে পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস এই ধরনের সেমিনারের আয়োজন করার জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। ছাত্র যুবকদের উদ্দেশ্যে তিনি বলেন এখনও সমাজে অপসংস্কৃতি, কুসংস্কার রয়ে গেছে। এই অপসংস্কৃতি, কুসংস্কার দূর করতে ছাত্র যুবকদের এগিয়ে আসতে তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে ড. প্রদীপ দেবনাথ এবং মীনা নাথ চৌধুরী প্রমুখ গার্লস্ হিংসা রোধ, মহিলাদের সুরক্ষা ও জাতীয় সংহতি, এইডস ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।
